



সূত্র: ৩৭৮/সা.বি.অ./১৩৫ পাট ১৪

তারিখ: ২২/০৯/২০২২

নোটিশ

স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (তৃতীয় মাইগ্রেশন) ও বিষয়ভিত্তিক চতুর্থ মেধা তালিকা প্রকাশ

ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ০১ সেপ্টেম্বর, ২০২২ থেকে ২০ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পছন্দক্রম ও মেধাস্কোর-এর ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (তৃতীয় মাইগ্রেশন)-এর তালিকা প্রকাশ করা হলো।

এতদসঙ্গে শূন্য আসনগুলোর বিপরীতে বিষয় পছন্দক্রম ও মেধাস্কোর-এর ভিত্তিতে চতুর্থ মেধা তালিকা প্রকাশ করা হলো। তালিকাভুক্ত প্রার্থীদের তাদের রোল নম্বরের পাশে উল্লেখিত বিভাগে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২২ থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২২ সকাল ৯.০০ থেকে বিকাল ৩.০০ টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

কলা অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের কলা অনুষদ অফিসে, আইন অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের আইন অনুষদ অফিসে, সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে, চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের চারুকলা অনুষদ অফিসে এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর জন্য নির্বাচিত প্রার্থীদের ইনস্টিটিউট অফিসে উপস্থিত হয়ে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিষয় পছন্দক্রম ও মেধাস্কোর-এর ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন প্রক্রিয়া অব্যাহত থাকবে। বিভাগ পরিবর্তনের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে। ভর্তি হওয়ার পর কোন ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তন করতে না চাইলে তাকে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ করার জন্য চীফ কো-অর্ডিনেটর বরাবর স্বশরীরে উপস্থিত হয়ে আবেদন করতে হবে।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে বিষয়ভিত্তিক তৃতীয় মেধা তালিকা ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।


ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ২৫ সেপ্টেম্বর, ২০২২ সকাল ৯.০০মি. থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে (ভর্তি ফি জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও online admission guideline থেকে জানা যাবে)।
- ৩। সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার স্ব-স্ব অনুষদ অফিসে গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র,
- (২) Subject Choice Form-এর প্রিন্ট কপি,
- (৩) এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট,
- (৪) এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

ও

ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।